

ছনটেক মাদ্রাসার অগ্নিদগ্ধ আরো এক ছাত্রীর মৃত্যু

স্টাফ রিপোর্টার : ডেমরার ছনটেক মহিলা মাদ্রাসার আরো এক ছাত্রীর মৃত্যু হয়েছে। শুক্রবার দিবাগত রাতে সিএমএইচএ চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মেয়েটির নাম আসমা সুমী (১২)। তার বাড়ী রোকনপুর। গত ১৬ মার্চ ২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন।

ছাত্রীর মৃত্যু প্রথম পৃষ্ঠার পর

ভোর রাতে মাদ্রাসাটিতে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। নাশকতামূলক এই অগ্নিকাণ্ডে কমপক্ষে ৭ জন নিষ্পাপ ছাত্রী আগুনে পুড়ে মারা যায়। আগুনে ঝলসে যায় আরো কমপক্ষে ২০ জন ছাত্রী। তাদের মধ্যে আশংকাজনক অবস্থায় ২ জনকে ঢাকা মেডিকেলের ৩৩ নম্বর ওয়ার্ডে ভর্তি করা হয়। কিন্তু সেখানে তাদের চিকিৎসার অভাবে অবস্থার মারাত্মক অবনতি হতে থাকে। শরীরের বেশীর ভাগ অংশ পুড়ে ঝলসে যাওয়ায় তারা দারুণ যন্ত্রণা ভোগ করে। এ ব্যাপারে গত ১৮ মার্চ দৈনিক ইনকিলাবে 'সুচিকিৎসার সরকারী নির্দেশ পালিত হচ্ছে না, আগুনে পোড়া শরীর নিয়ে মাদ্রাসার ছাত্রীরা যন্ত্রণায় কাতরাচ্ছে' শীর্ষক প্রতিবেদনে 'আসমার আর্তনাদ' অংশে মেয়েদের দুরবস্থার কথা উল্লেখ করা হয়। সেখানে তাদের সিএমএইচ-এ প্রেরণের সুপারিশ করা হয়েছিল। এরপর তাদের সিএমএইচ-এ পাঠানো হলেও আসমা বাঁচতে পারেনি। গতকাল (শনিবার) বিকেল ৩টায় ছনটেক মহিলা মাদ্রাসার সামনে আসমার লাশের জানাযা হয়। এই জানাযায় শত শত লোক অংশগ্রহণ করে।